**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 09-04-2026** **Desk in Charge : K.L.**

**Time : - 7-50 PM** **Edit. & Compile. : DSS**

**DEO : - KB** **NRT : Dhriti Sen Sharma**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে। # এদিকে,আজই ছিল দ্বিতীয় দফার জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন।

২/ রাজ্যে ভোটের দিন এগিয়ে আশার সঙ্গে সঙ্গে প্রচার জমে উঠেছে। #শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হলদিয়া, আসানসোল ও সিউড়িতে তিনটি জনসভায়, রাজ্যে পরিবর্তন আসন্ন বলে দাবী করেন। ক্ষমতায় এলে বিজেপির ৬'টি গ্যারান্টির কথাও তুলে ধরেন তিনি। # এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পালটা অভিযোগ করেছেন, বাংলা দখলের জন্য বিজেপির অঙ্গুলিহেলনে রাজ্যের ৯০ লক্ষের বেশি মানুষের নাম বাদ দেওয়া হয়েছে। তবে তা' সত্বেও তাঁর দলই নির্বাচনে জয়লাভ করবে।

৩/ দেশের গণতন্ত্র নির্বাচন কমিশনের হাতে আক্রান্ত বলে সিপিআইএম অভিযোগ করেছে। তাঁদের এক প্রতিনিধি দল, মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে পূর্ণাঙ্গ ভোটার তালিকা প্রকাশের দাবী জানান।

৪/ বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাতে রাজ্যে আসছেন।

৫/ অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও রাজ্যের বেশ কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৬/ কলকাতার ইডেন গার্ডেনসে আজ IPL ক্রিকেটে টসে জিতে লাখনৌ সুপার জায়ান্ট কলকাতা নাইট রাইডার্স-কে ব্যাট করতে পাঠিয়েছে।

******************************************************************

রাজ্যে প্রথম দফা বিধানসভা নির্বাচনে প্রার্থীপদ **প্রত্যাহারের সময়সীমা** আজ শেষ হয়েছে। এই দফায় আগামী ২৩ শে এপ্রিল ভোট নেওয়া হবে। ১৫২ টি আসনে এক হাজার ৫৮৬ জন প্রার্থী ২'হাজার ৩০৪ টি মনোনয়ন পেশ করেন।

এদিকে, দ্বিতীয় দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন **জমা দেওয়ার সময়সীমাও** আজ শেষ হয়েছে। আগামীকাল জমা পড়া মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এই পর্বে ১৪২ টি আসনে ২৯ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

এদিকে, উত্তর ২৪ পরগনার **পানিহাটি** বিধানসভা কেন্দ্রে **বিজেপি প্রার্থী** হিসেবে মনোনয়ন পেশ করেন, **অভয়ার মা** রত্না দেবনাথ। তাঁর সঙ্গে ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী স্মৃতি ইরানী। নারী সুরক্ষার দাবীতে সরব হয়ে শ্রীমতী ইরানী বলেন, এরাজ্যে মহিলাদের নিরাপত্তা সুনিশ্চিত করাই দলের অন্যতম লক্ষ্য। একজন মায়ের লড়াইকে সম্মান জানাতেই অভয়ার মাকে প্রার্থী করা হয়েছে বলে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মন্তব্য করেন।

***************************

রাজ্যে ভোটের দিন এগিয়ে আশার সঙ্গে সঙ্গে প্রচারাভিযান জমে উঠেছে।

শীর্ষ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী** আজ হলদিয়া, আসানসোলের পোলো গ্রাউন্ড এবং সিউড়ির পুলিশ গ্রাউন্ডে, তিনটি জনসভায়, রাজ্যে পরিবর্তন আসন্ন বলে মন্তব্য করেন। **হলদিয়ার** সমাবেশে শ্রী মোদী বলেন, তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্য অনুপ্রবেশকারী, দাঙ্গাবাজ ও দুষ্কৃতীদের দখলে চলে গেছে। যুব সম্প্রদায়ের হাতে'ও কাজ নেই। ফলে তারা ভিন্‌রাজ্যে পরিযায়ী শ্রমিক হয়ে যেতে বাধ্য হচ্ছেন। তৃণমূল কংগ্রেস, রাজ্যে ভয়ের শাসন প্রতিষ্ঠা করেছে। তাই 'বিকশিত ভারতে'র জন্য এই সরকারের বিদায় অত্যন্ত জরুরী। পাঁচ বছর আগে নন্দীগ্রাম আসনে যে পরিবর্তনের সূচনা হয়েছিল, এবার ভবানিপুর আসনেও তা' দেখা যাবে বলে প্রত্যয় ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। ক্ষমতায় এলে বিজেপির ৬'টি গ্যারান্টির কথা তুলে ধরেন তিনি।

( বাইট- ৬’টি গ্যারান্টি )

পরে বীরভূমের সিউড়িতে আরেকটি জনসভায় প্রধানমন্ত্রী আবারো রাজ্য সরকারের সমালোচনা করে বলেন, তৃণমূল কংগ্রেস ‘মা-মাটি-মানুষ’-এর কথা বলে, কিন্তু এরাজ্যে মা- অর্থাৎ মহিলারা সুরক্ষিত নন।

বিজেপি ক্ষমতায় এলে, মহিলাদের ওপর প্রতিটি অত্যাচার ও নির্যাতনের তদন্ত হবে, ভয়ের পরিবর্তে ভরসা ফিরিয়ে আনা হবে এবং সরকার সাধারণ মানুশের প্রতি দায়বদ্ধ থাকবে বলেও আশ্বাস দেন মোদী।

পশ্চিম বর্ধমানের আসানসোলেও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রধানমন্ত্রী জনসভার পাশাপাশি এক রোড শো-তে অংশ নেন।

**************************

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, আজ মালদা ও উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে জনসভা করেন। মালদার সভায় তিনি তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করে বলেন, পশ্চিমবঙ্গের ‘মা-মাটি-মানুষ’-কে ধ্বংস করেছে এই সরকার। বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার লক্ষ্যে নরেন্দ্র মোদীর নেতৃত্বে এরাজ্যে বিজেপির সরকারকে জয়ী করার জন্যে আহ্বান জানান তিনি।

( বাইট- নীতিন নবীন )

চাকুলিয়ার সভায় নীতিন নবীন, তাঁদের দল ক্ষমতায় এলে মতুয়াদের নাগরিকত্ব ও সামাজিক সুরক্ষা সুনিশ্চিত করার ওপর অগ্রাধিকার দেওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন।

**************************

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, বাংলা দখলের জন্য বিজেপির অঙ্গুলিহেলনে SIR করে রাজ্যের ৯০ লক্ষের বেশি মানুষের নাম বাদ দেওয়া হয়েছে। তবে তা’ সত্বেও তৃণমূল কংগ্রেসই বিধানসভা নির্বাচনে জয় লাভ

করবে বলে উত্তর ২৪ পরগনার মিনাখাঁয় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় তিনি প্রত্যয় ব্যক্ত করেন।

( বাইট- মমতা )

ভিন রাজ্যে বাঙলাভাষীরা অনুপ্রবেশকারী হলে, এই রাজ্যে অন্য রাজ্যের বিজেপি নেতারাও অনুপ্রবেশকারী হিসেবে গণ্য হবেন বলে তিনি মন্তব্য করেন। ক্ষমতায় ফিরলে তাঁর সরকার সুন্দরবনকে ‘জেলা’-র মর্যাদা দেবে বলে আশ্বাস দেন তৃণমূল কংগ্রেস নেত্রী। এরপর তিনি বরানগরে দলীয় প্রার্থীর সমর্থনে ডানলপ থেকে সিঁথির মোড় পর্যন্ত পদযাত্রায় অংশ নেন।

অন্যদিকে, প্রবীন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিকদের সরবরাহ কেন্দ্র হয়ে উঠছে বলে মন্তব্য করেছেন। তিনি আজ মুর্শিদাবাদের বিভিন্ন এলাকায় পৃথক জনসভায় ভাষণ দেন।

( বাইট- অধীর )

***************************

দেশের গণতন্ত্র নির্বাচন কমিশনের হাতে আক্রান্ত বলে সিপিআইএম অভিযোগ করেছে। যেভাবে ভোটার তালিকা থেকে ২৭ লক্ষের বেশি ভোটারকে বিনা বিচারে নাম বাদ দেওয়া হয়েছে তা গণতান্ত্রিক কাঠামো ওপর একটি সরাসরি আঘাত। আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে স্পষ্ট করে ভোটার তালিকা প্রকাশের দাবি জানিয়ে নিয়ে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য শমিক লাহিড়ী একথা জানান।

***************************

বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ রাতে রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, রাত্রি ১১টা দশে তিনি কলকাতায় এসে পৌঁছবেন। আগামীকাল সকালে শহরের একটি বেসরকারি হোটেলে সাংবাদিক বৈঠক করবেন। সেখানে বিজেপির সংকল্পপত্র বা নির্বাচনী ইশতেহার প্রকাশ করার

কথা। এরপর তিনি পশ্চিম মেদিনীপুরের উদ্দেশ্যে রওনা হবে। সেখানে ডেবরা এবং খড়্গাপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা ও রোড শো করবেন। সন্ধ্যায় খড়্গাপুরে দলের এক সাংগঠনিক বৈঠকেও যোগ দেবেন শ্রী শাহ।

***************************

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজও রাজ্যের বেশ কিছু জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

কলকাতা সহ দক্ষিণবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়ায় বিক্ষিপ্ত বৃষ্টি হয়েছে। আলিপুরে আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় প্রায় ২৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়।

বিক্ষিপ্ত বৃষ্টি এবং মেঘলা আকাশের জন্য দিনের তাপমাত্রা'ও আজ এক ধাক্কায় অনেকটাই কমেছে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় ৯ ডিগ্রি কম।

***************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় দৈনন্দিন জীবনে আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তন। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাসের সঙ্গে কথা বলেছেন আমাদের প্রতিনিধি কাশফিন নাহার। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

***************************

ইডেনে আজ IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, লাখনৌ সুপার জায়ান্টের মুখোমুখি হয়েছে। টসে জিতে লাখনৌ সুপার জায়ান্ট, নাইট রাইডার্স কে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ পাওয়া খবরে, নাইট রাইডার্স এক উইকেটে ৬' ওভারে ৫৬ রান করেছে।

************************************************************************